সংবাদ

15 MAR 2017

# গাইড বই না কেনায় মারধর করে ৩ ছাত্রকে বহিষ্কার

সংবাদদাতা, দুপচাঁচিয়া (বগুড়া)

বগুড়ার দুপচাঁচিয়া উপজেলার জিয়ানগর উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের পছন্দের গাইড বই না কেনায় ছাত্রকে মারপিট অত:পর তিন ছাত্রকে বহিষ্কারের ঘটনা ঘটেছে।

জানা গেছে, গত ৫ মার্চ উক্ত বিদ্যলয়ের সহকারী প্রধান শিক্ষক (ইংরেজি) নজরুল ইসলাম ক্লাসে গিয়ে নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের তার পছন্দের গাইড বই কেনার জন্য নির্দেশ দেন। এ সময় ঐ শ্রেণীর ছাত্র জিয়ানগরের কালাইকুড়ি গ্রামের জসিম উদ্দিনের ছেলে এনামুল হক জানায় বিদ্যালয়ের অপর ইংরেজি শিক্ষক রহিম উদ্দিন অন্য গাইডবই কেনার নির্দেশ দিয়েছেন। এনিয়ে ঐ ছাত্রের সঙ্গে সহকারী প্রধান শিক্ষক নজরুল ইসলামের কথা কাটাকাটি হয় এবং শিক্ষক নজরুল ইসলাম ঐ ছাত্রকে মারপিট করে। এ সময় ঐ ক্লাসের অপর দুই ছাত্র জিয়ানগরের চকপাড়ার ইয়াচিন আলীর পুত্র সেজাউল ও মাধাইমুড়ি গ্রামের তোজাম্মেল হোসেনের পুত্র আশরাফুল ইসলাম প্রতিবাদ করলে ক্লাসে হট্টগোলের সৃষ্টি হয়। এক পর্যায়ে শিক্ষক নজরুল ইসলাম ক্লাস থেকে বের হয়ে যায়। পরে শিক্ষক নজরুল ইসলাম বিষয়টি ভিন্নভাবে স্কুলের ম্যানেজিং কমিটিকে অবগত করে। পরের দিন ম্যানেজিং কমিটি জরুরি বৈঠক ডেকে ঐ তিন ছাত্রকে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ এনে স্কুল থেকে বহিষ্কার করে। এ ব্যাপারে ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ার উল আজাদ প্রধান শিক্ষক আবদুল গনির সঙ্গে সহকারী প্রধান শিক্ষক নজরুল ইসলামের গাইট বই ক্রয় নিয়ে মতবিরোধের কথা স্বীকার করেন। তবে ঐ তিন ছাত্রকে শৃঙ্খলা ভঙ্গের কারনে বহিষ্কার করা হয়েছে বলে জানান। প্রধান শিক্ষক আবদুল গনি মারপিটের কথা স্বীকার করে জানান, ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে বহিষ্কার করা হয়েছে, তার করার কিছু ছিল না। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একরামুল হক মুঠোফোনে জানান, গাইটবই সম্পূর্ণ নিষিদ্ধ। গাইট ক্রয়ের জন্য ছাত্রকে মারপিট দুঃখজনক। এ বিষয়ে তিনি অবগত নন। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন।

দুপচাঁচিয়া